

প্রশ্ন ২। ফিজিওক্র্যাট কাহাদের বলা হয়?

উত্তর। ফরাসী-বিপ্লবের প্রাকালে যে সকল অর্থনীতিবিদ ফ্রান্সের প্রচলিত ব্যবস্থার ক্রটি-বিচ্যুতি জনসমক্ষে তুলে ধরেন তাঁরা ফিজিওক্র্যাট নামে পরিচিত। তাঁরা রাজনৈতিক ক্ষেত্রে ব্যক্তি স্বাধীনতার মতবাদ প্রচার করেন ও অবাধ বাণিজ্যের সমর্থক ছিলেন।

প্রশ্ন ৩। ভল্‌তেয়ার কে ছিলেন?

উত্তর। অষ্টাদশ শতাব্দীতে ফ্রান্সের অন্যতম শীর্ষস্থানীয় দার্শনিক ছিলেন ভল্‌তেয়ার (১৬৯৭-১৭৭৮ খ্রীঃ)। তীক্ষ্ণ বিদূষিত্বের রচনা দ্বারা তিনি ফ্রান্সের নানা প্রচলিত সমাজব্যবস্থা ও রাষ্ট্রব্যবস্থার ক্রটি-বিচ্যুতিগুলি তুলে ধরেন। চার্চ ও যাজক সম্প্রদায়ের অনাচারগুলিরও তিনি তীব্র সমালোচনা করেন। তিনি ব্রিটেনের ন্যায় সীমাবদ্ধ রাজতন্ত্রের সমর্থক ছিলেন।

প্রশ্ন ৪। রুশো কে ছিলেন?

উত্তর। অষ্টাদশ শতাব্দীর ফরাসী দার্শনিকদের মধ্যে সর্বাপেক্ষা বলিষ্ঠ ও জনপ্রিয় ছিলেন রুশো (১৭১২-১৭৭৮ খ্রীঃ)। “সামাজিক চুক্তি” মতবাদ তুলে ধরে তিনি ফ্রান্সের প্রচলিত সমাজব্যবস্থার আমূল পরিবর্তন চেয়েছিলেন। জনগণের ইচ্ছার ভিত্তিতে প্রকৃত গণতন্ত্র প্রতিষ্ঠার কথা প্রচার করে তিনি ফরাসী জনমানসে বৈপ্লবিক চেতনা সঞ্চার করেছিলেন।

প্রশ্ন ৫। কোন্ রাজার রাজত্বকালে ফরাসী-বিপ্লব ঘটেছিল? সেই রাজার রাজবংশের নাম কী?

উত্তর। রাজা ষোড়শ লুইয়ের রাজত্বকালে ১৭৮৯ খ্রীষ্টাব্দে ফরাসী বিপ্লব ঘটে। তিনি বুরবোঁ বংশের রাজা ছিলেন।

প্রশ্ন ৬। ব্যক্তি ও নাগরিক অধিকার ঘোষণায় কি বলা হয়েছিল?

উত্তর। ফরাসী বিপ্লব শুরু হওয়ার পর ফরাসী জাতীয় সভার প্রথম উল্লেখযোগ্য পদক্ষেপ হল মানবিক ও নাগরিক ঘোষণা পত্র (Declaration of Rights of man and citizen)। এতে বলা হয়েছিলে (১) স্বাধীনতা নিয়েই মানুষ জন্মগ্রহণ করে। (২) আইন জনসাধারণের ইচ্ছার প্রতিফলন এবং আইনের চোখে সকল মানুষই সমান, (৩) নাগরিক ব্যক্তিগতভাবে অথবা তাদের নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে সরকারি প্রশাসন নিয়ন্ত্রণ করার অধিকারী।

প্রশ্ন ৭। ফরাসী সমাজে তিনটি শ্রেণীর নাম কি?

উত্তর। যাজকসম্প্রদায় প্রথম শ্রেণী, অভিজাতশ্রেণী দ্বিতীয় শ্রেণী এবং মধ্যবিত্ত, কৃষক ও নিম্নবিত্তরা তৃতীয় শ্রেণীর অন্তর্ভুক্ত ছিল।

প্রশ্ন ৮। টেনিস কোর্টের শপথ কি?

উত্তর। স্টেটস-জেনারেলের আহ্বান হবার পর তৃতীয় শ্রেণীর প্রতিনিধিরা নিজেদের জাতীয়-সভ্যরূপে ঘোষণা করে এবং রাজা তাহাদের সভাগৃহ থেকে বহিষ্কার করে দিলে পার্শ্ববর্তী টেনিস খেলার মাঠে সমবেত হয়ে শপথ গ্রহণ করল যে, নতুন সংবিধান রচনা না করে তারা বিচ্ছিন্ন হবে না।

প্রশ্ন ৯। বাস্তিলের পতনের তারিখ কি?

উত্তর। ১৭৮৯ খ্রীষ্টাব্দের ১৪ই জুলাই প্যারিসের অশান্ত জনতা বাস্তিল নামক বিশাল কারাদুর্গ আক্রমণ করলে স্বৈরতন্ত্রের প্রতীক এই দুর্গের পতন হয়।

প্রশ্ন ১০। স্টেটস-জেনারেলের অধিবেশন কবে আহুত হয়? কেন?

উত্তর। ১৭৮৯ খ্রীষ্টাব্দের মে মাসে অর্থসংগ্রহের উপায় উদ্ভাবনের জন্য রাজা ষোড়শ লুই স্টেটস-জেনারেলের আহ্বান করেন।